

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.২৫৫৮


তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ বাস্তবায়নকরণ।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২০/০৯/২০২২ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত সর্বশেষ নির্দেশনা মোতাবেক বরিশাল বিভাগের জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহ কর্তৃক বিগত বছরের ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা APA, ২০২২-২৩ এর সাথে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করার নির্দেশনা থাকলেও পিরোজপুর ব্যতিত কোন জেলার ওয়েব পোর্টালের “শুদ্ধাচার সংক্রান্ত সেবা বাঞ্ছা” তা অদ্যাবধি আপলোড করা হয়নি। তাছাড়া যে লক্ষ্য নিয়ে শুদ্ধাচার কৌশলী কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও প্রেরণ করা হয়েছে তা পূরণে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম কোয়ার্টারভিত্তিক বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ এবং প্রেরিত প্রতিবেদন স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালে আপলোডের আবশ্যিকতা রয়েছে।

এমতাবস্থায়, স্ব-স্ব কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুতকৃত) আগামী ০৩ দিনের মধ্যে স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালের “শুদ্ধাচার সংক্রান্ত সেবা বাঞ্ছা” আপলোডসহ কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের নির্ধারিত লক্ষ্যমাত্রা মোতাবেক প্রতিটি কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ প্রতিবেদন আগামী ১০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণপূর্বক তাৎক্ষণিকভাবে নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



২৫-৯-২০২২

মো: জাহাঙ্গীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: 02478862673

ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক,
বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.২৫৫৮/১(৩)


তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২) জনাব করিমা সুলতানা, উপ-খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের সাথে যোগাযোগপূর্বক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংগ্রহপূর্বক ফিডব্যাক প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো

৩) জনাব অনিমেষ হালদার, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল



২৫-৯-২০২২

মো: জাহাঞ্জীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক